অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/24/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কের প্রথম স্টেট ভেটেরান্স কবরস্থান প্রতিষ্ঠার ঘোষণা করলেন

স্টেট সেনেকা কাউন্টির কাছ থেকে স্যাম্পসন ভেটেরান্স মেমোরিয়াল কবরস্থানের মালিকানা নিয়ে এটিকে বানিয়েছে নিউ ভেটেরান্স কবরস্থান - ফিঙ্গার লেকস

জাতীয় কবরস্থান প্রশাসন সম্প্রসারণ ও উন্নয়নকাজে 2.8 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্কের সর্বপ্রথম স্টেট ভেটেরান্স কবরস্থান প্রতিষ্ঠার ঘোষণা দিলেন, যা সেনেকা কাউন্টির কাছ থেকে স্টেটের কাছে স্যাম্পসন ভেটেরান্স মেমোরিয়াল কবরস্থানের (Sampson Veterans Memorial Cemetery) মালিকানা হস্তান্তর এবং জাতীয় কবরস্থান প্রশাসন (National Cemetery Administration) কর্তৃক প্রদত্ত 2.8 মিলিয়ন মার্কিন ডলার দ্বারা সম্ভব হয়েছে। 2021 সালে সর্বপ্রথম যথাযথ অবস্থান হিসেবে সনাক্ত হওয়া কবরস্থানটি নিশ্চিত করবে যাতে স্টেট নিউ ইয়র্কের ভেটেরান ও তাদের পরিবারের জন্য মর্যাদাপূর্ণ কবরের সুযোগ প্রদান করতে পারে। স্টেট ভেটেরান্স কবরস্থানের জাতীয় মানদণ্ড অনুযায়ী কবরস্থানটির নাম পরিবর্তন করে নিউ ইয়র্ক স্টেট ভেটেরান্স কবরস্থান - ফিঙ্গার লেকস (New York State Veterans Cemetery - Finger Lakes) রাখা হয়েছে এবং স্টেটের ভেটেরান্স পরিষেবা বিভাগ (State Division of Veterans' Services, DVS) কবরস্থানটির তত্ত্বাবধান করবে।

"আমাদের ভেটেরানগণ অকল্পনীয় মাত্রার আত্মত্যাগ করেছেন, এবং তাদের লিগেসিকে সম্মান জানাতে ও তাদের শান্তির শেষনিদ্রা নিশ্চিত করতে নিউ ইয়র্ক এর প্রথম স্টেট ভেটেরান্স কবরস্থান প্রতিষ্ঠা করতে পেরে গর্বিত," **গভর্নর হোকল বলেন।** "এধরনের প্রথম এই কবরস্থানটির জন্য সামরিক ইতিহাসে পরিপূর্ণ এর থেকে ভালো অবস্থান হতে পারতো না। আমরা কখনই আমাদের ভেটেরানদের অবহেলা করবো না এবং নিশ্চিত করবো যাতে জীবনে ও মরণে তাদের দেখাশোনা করতে পারি এবং তাদের নিঃস্বার্থ সেবার জন্য তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

সেনেকা কাউন্টির রোমুলাসে সেনেকা লেক সংলগ্ন 162 একরজুড়ে এবং এটি স্যাম্পসন স্টেট পার্কের ঠিক পাশেই নিউ ইয়র্ক স্টেট ভেটেরান্স কবরস্থান - ফিঙ্গার লেকস অবস্থিত। আগামী অনেক প্রজন্মের জন্য যাতে এটি নিউ ইয়র্কের বীরদের সম্মানজনক শেষনিদ্রার স্থান হয়ে থাকতে পারে তা নিশ্চিত করার জন্য সাইটটিতে বিকাশ ও নির্মাণ প্রকল্পসমূহের জন্য 147 একর

ভূমি উপলভ্য আছে। কবরস্থানটি স্যাম্পসন এয়ার ফোর্স ঘাঁটির (Sampson Air Force Base) প্রাক্তন স্যাম্পসন নেভাল প্রশিক্ষণ স্টেশনের (Sampson Naval Training Station) সাইটে অবস্থিত যেখানে দ্বিতীয় বিশ্বযুদ্ধ ও কোরিয়ান যুদ্ধের সময় কয়েক লাখ সৈন্য সদস্য প্রশিক্ষণ গ্রহণ করেছিলো। সাইটটি পরবর্তীতে একটি অস্থায়ী কলেজ এবং ডিসচার্জ হওয়া সৈন্য সদস্যদের জন্য একটি পৃথকীকরণ কেন্দ্র হিসেবে কাজ করে, এবং 2000 সালে এটি আনুষ্ঠানিকভাবে বন্ধ হয়ে যায়। কবরস্থানটি মেমোরিয়াল দিবসের জন্মস্থান হিসেবে পরিচিত ওয়াটারলুর নিকট অবস্থিত।

সেনেকা কাউন্টির সুপারভাইজার বোর্ডের (Seneca County Board of Supervisors) চেয়ারম্যান মাইকেল এনসলো বলেন, "সেনেকা কাউন্টি সম্মানিত যে নিউ ইয়র্ক স্টেটের প্রথম ভেটেরান্স কবরস্থান হিসেবে স্যাম্পসন ভেটেরান্স মেমোরিয়াল কবরস্থানকে নির্বাচন করা হয়েছে। এই পবিত্র ভূমির জন্য আমরা বিশ্বস্ত দেখাশোনা করার লোক পেয়েছি এবং ঐতিহাসিক এই স্থানটির আরো উজ্জ্বলতর ভবিষ্যতের জন্য একটি মসৃণ হস্তান্তরের জন্য আমরা উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেটের ভেটেরান পরিষেবা বিভাগের পরিচালক ভিভিয়ানা ডেকোহেন বলেন, "নিউ ইয়র্কের প্রথম স্টেট ভেটেরান্স কবরস্থানের স্বীকৃতির জন্য এবং নিউ ইয়র্কের সৈন্য সদস্য, ভেটেরান এবং তাদের পরিবারের জন্য একটি মর্যাদাপূর্ণ শেষনিদ্রার স্থান প্রদান করতে একটি অনুদান সুযোগ প্রদানের জন্য আমরা জাতীয় কবরস্থান প্রশাসনে আমাদের অংশীদারদের প্রতি কৃতজ্ঞ। নিউ ইয়র্কের ভেটেরান পরিবারকে সেবাদান করার আমাদের মিশনের একটি গুরুত্বপূর্ণ দিক এটি পরিপূর্ণ করে।"

2021 সালে এই কাজের জন্য নিযুক্ত একটি কমিটি নিউ ইয়র্কের প্রথম স্টেট ভেটেরান্স কবরস্থানের অবস্থান হিসেবে সাইটটিকে বাছাই করে। ভেটেরান পরিষেবা বিভাগ 2.8 মিলিয়ন মার্কিন ডলার তহবিল নিশ্চিত করার জন্য স্টেকহোল্ডারদের সাথে কাজ করেছে, যা এই হস্তান্তরের ব্যবস্থা করার জন্য মুখ্য ছিলো। ফেডারেল তহবিলটি উন্নয়নকাজ করতে দিবে, যার মধ্যে থাকবে কলামব্যারিয়াম বিশেষত্ব, পূর্বে স্থাপিত ক্রিপ্ট, ল্যান্ডস্কেপিং, সেচন, গ্রেডিং এবং ড্রেনেজ, এবং সেই সাথে রক্ষণাবেক্ষণ ভবন ও রক্ষণাবেক্ষণ উঠান ও অন্যান্য সমর্থক অবকাঠামো।

নিউ ইয়র্ক স্টেটে 688,000 এর বেশি ভেটেরান রয়েছে এবং আজকের আগে পর্যন্ত এটি পুরো দেশের অল্প কয়েকটি স্টেটের মধ্যে একটি ছিলো যাদের একটি ফেডারেলভাবে স্বীকৃত স্টেট মালিকানাধীন এবং পরিচালিত ভেটেরান কবরস্থান নেই। নিউ ইয়র্ক স্টেট ভেটেরান্স কবরস্থান - ফিঙ্গার লেকস দায়িত্বরত অবস্থায় মৃত্যুবরণ করা সৈন্য সদস্য, ভেটেরান (ফেডারেল আইন দ্বারা সংজ্ঞায়িত), এবং তাদের যোগ্য স্বামী/স্ত্রী এবং নির্ভরশীল সন্তানের অন্তরায়নের জন্য উন্মুক্ত থাকবে।

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "স্যাম্পসন ভেটেরান্স মেমোরিয়াল কবরস্থানটি আমাদের দেশের প্রতিরক্ষার জন্য সামরিক বাহিনীতে যোগদান করা দ্বিতীয় বিশ্বযুদ্ধ ও কোরিয়ান যুদ্ধের কয়েক লাখ ভেটেরানের জন্য পবিত্র একটি ভূমি।মার্কিন যুক্তরাষ্ট্রের ভেটেরান্স অ্যাফেয়ার্স বিভাগের (United States Department of Veterans Affairs, VA) জাতি

কবরস্থান প্রশাসন যে নিউ ইয়র্ক স্টেটের সাথে অংশীদারিত্বে স্যাম্পসনকে নিউ ইয়র্কের সর্বপ্রথম স্টেট ভেটেরান্স কবরস্থান বানিয়েছে তা যথাযথ।দীর্ঘদিন আগেই হওয়া উচিত ছিলো এমন এই প্রকল্পটিকে সম্ভব করতে এবং আমাদের ভেটেরান ও তাদের পরিবারের জন্য যাতে একটি মানানসই অন্তিম শেষনিদ্রার স্থান থাকে তা নিশ্চিত করতে সম্প্রসারণ ও উন্নয়নকাজ করতে 2.8 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল বিনিয়োগের ব্যবস্থা করতে আমাদের ভেটেরান অ্যাডভোকেটদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে দাঁড়াতে পেরে আমি গর্বিত।"

স্টেটের সিনেটর টম ও'মারা বলেন, "স্যাম্পসন ভেটেরান্স মেমোরিয়াল কবরস্থানকে নিউ ইয়র্ক স্টেটের সর্বপ্রথম ভেটেরান্স কবরস্থানের আখ্যা দেওয়াটি বহু স্টেট ও স্থানীয় নেতৃবৃন্দ, এলাকার ভেটেরানগণ এবং গর্বিত নাগরিকদের প্রতি একটি মানানসই সালাম ও দীর্ঘস্থায়ী শ্রদ্ধাঞ্জলি। বিশেষ এই ভূমির প্রতি তাদের প্রতিশ্রুতি ও একনিষ্ঠতাকে এটি সর্বদা সম্মান জানাবে। সেনেকা কাউন্টির জন্য দীর্ঘদিন ধরে এটি গর্বের একটি স্থান হয়ে থাকবে। সবথেকে গুরুত্বপূর্ণভাবে, এটি আমাদের হাজার হাজার আমেরিকান বীরের জন্য মানানসই ও অন্তিম শেষনিদ্রার স্থান হয়ে থাকবে।"

স্টেটের সিনেটর প্যাম হেমিং বলেন, "স্যাম্পসন ভেটেরান্স মেমোরিয়াল কবরস্থান এখন আনুষ্ঠানিকভাবে প্রথম নিউ ইয়র্ক স্টেট ভেটেরান্স কবরস্থান, এবং আমি দীর্ঘদিনের এই স্বপ্নকে বাস্তব করার একটি অংশ হতে পেরে গভীরভাবে সম্মানিত বোধ করছি। এছাড়াও এটি আমার জন্য ব্যক্তিগতভাবে অর্থপূর্ণ যেহেতু আমার বাবা একজন মার্কিন এয়ার ফোর্স (U.S. Air Force) ভেটেরান ছিলেন এবং তিনি স্যাম্পসন এয়ার ফোর্স ঘাঁটিতে প্রশিক্ষণ গ্রহণ করেছিলেন। গভর্নর হোকল, নিউ ইয়র্ক স্টেট ভেটেরান পরিষেবা বিভাগ, এবং সেনেকা কাউন্টিকে ধন্যবাদ। সব থেকে বেশি ধন্যবাদ আমাদের এলাকার ভেটেরানদেরকে, এই দিনটির অধিকতম কৃতিত্ব, এবং আমাদের সর্বোচ্চ সম্মান ও কৃতজ্ঞতা তাদেরই প্রাপ্য। স্যাম্পসন ভেটেরান্স মেমোরিয়াল কবরস্থানটি সর্বদা আমাদের দেশের মহানতম বীরদের জন্য একটি দীর্ঘস্থায়ী মেমোরিয়াল এবং পবিত্র শেষনিদ্রার স্থান হিসেবে গর্বের সাথে সেবাদান করবে।"

অ্যাসেম্বলি সদস্য ফিল পামেসানো বলেন, "সেনেকা কাউন্টির কাছ থেকে নিউ ইয়র্ক স্টেটের কাছে মালিকানা হস্তান্তরের মাধ্যমে আজকে নিউ ইয়র্কের সেনেকা কাউন্টির রোমুলাসের স্যাম্পসন ভেটেরান্স মেমোরিয়াল কবরস্থান একটি ঐতিহাসিক আখ্যা অর্জন করলো। নিউ ইয়র্কের সর্বপ্রথম স্টেট ভেটেরান্স কবরস্থান প্রতিষ্ঠা করার দীর্ঘ যাত্রায় এটি একটি অতি গুরুত্বপূর্ণ চূড়ান্ত পদক্ষেপ। আমাদের স্টেট ও জাতির সেবায় নিয়োজিত থাকা বীর নারী পুরুষের অন্তিম, আনুষ্ঠানিক শেষনিদ্রার জন্য এই স্টেটে এর থেকে ভালো কোনও স্থান হতে পারতো না। আমাদের বীরোচিত ভেটেরানদের সেবা ও আত্মত্যাগের জন্য এবং এই গুরুত্বপূর্ণ আখ্যা অর্জন করতে যারা বহু বছর ধরে কঠোর পরিশ্রম করেছেন, তাদেরকে ধন্যবাদ। স্যাম্পসন ভেটেরান্স মেমোরিয়াল কবরস্থান যেই ভূমিতে অবস্থিত তার দুর্দান্ত যত্ন ও দেখাশোনা করার জন্য সেনেকা কাউন্টিকে বিশেষভাবে ধন্যবাদ। স্যাম্পসন ভেটেরান্স মেমোরিয়াল কবরস্থান একটি পবিত্র ভূমি এবং এটি আমাদের ও আমাদের স্বাধীনতাকে রক্ষা করার জন্য যেই বীর সামরিক নারী পুরুষ দায়িত্ব পালন করেছেন তাদের জন্য একটি বিশেষ, মানানসই ও অন্তিম শেষনিদ্রার স্থান হিসেবে থাকবে।"

ভেটেরান্স পরিষেবা বিভাগ সম্পর্কে
নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অভ ভেটেরান্স সার্ভিসেস, যেটি 1945 সাল থেকে প্রবীণ, সামরিক পরিবারের সদস্য এবং সামরিক পরিবারের জন্য স্টেটের অ্যাডভোকেসি এজেন্সি হিসেবে কাজ করে আসছে, সমস্ত প্রবীণ, সামরিক পরিবারের সদস্য এবং সামরিক পরিবারকে বিস্তৃত পরিসরে সেবা দেওয়ার একটি এজেন্সিব্যাপী প্রতিশ্রুতি বজায় রাখে যার মধ্যে রয়েছে ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অভ ভেটেরান্স অ্যাফেয়ার্স থেকে সুবিধার জন্য দাবি এবং আপিল, ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অভ ডিফেন্সে ডিসচার্জ আপগ্রেড আপিল এবং নিউ ইয়র্ক স্টেটের সুবিধার জন্য দাবিসমূহ। তাদের চাহিদার ব্যাপারে কাজ করতে এবং তাদের অর্জন করা সম্পূর্ণ বেনিফিট ব্যবস্থা পাওয়ার জন্য একজন স্বীকৃত ভেটেরান্স বেনিফিট উপদেষ্টার (Veterans Benefits Advisor) সাথে সশরীরে বা ভার্চ্যুয়ালি দেখা করার জন্য ভেটেরান, সৈন্য সদস্য, এবং সামরিক পরিবারকে বিভাগের সাথে 888-838-7697 নম্বরে বা তাদের ওয়েবসাইট veterans.ny.gov এ যোগাযোগ করার জন্য উৎসাহিত করা যাচ্ছে। DVS-কে ফলো করুন ফেসবুক, ইন্সটাগ্রাম এবং টুইটার-এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418